

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৭  
সরকারি পরিবহন পুল ভবন  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

ইমেইল: section7@lawjusticediv.gov.bd

নং- ১০.০০.০০০১৩১.১১.০২৪/২০১১-৯০

তারিখ : ১১ আষাঢ় ১৪৩৩  
২৫ জুন ২০২৬

বিষয় : ব্রাহ্মণবাড়িয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলার ০৪ নং সোনারামপুর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ হেলাল উদ্দিনের নামে ইস্যুকৃত নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলার ০৪ নং সোনারামপুর ইউনিয়নের অভিযুক্ত নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ হেলাল উদ্দিন জেলা রেজিস্ট্রার, ব্রাহ্মণবাড়িয়া এর গত ০৯/০৯/২০২৫ খ্রি. তারিখের ৫৮৫(৫) নং স্মারকে ও গত ০১/০৯/২০২৫ খ্রি. তারিখের ৫৬৭(৫) নং স্মারকের জারিকৃত পত্র গ্রহণ না করে ফেরত প্রদান করায়; পত্রের বিষয়ে তাঁকে মুঠোফোনে অবগত করা সত্ত্বেও দুটি ধার্য তারিখে তদন্ত কার্যে উপস্থিত না হয়ে মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ৩৯(১) এর বিধান লঙ্ঘন করতঃ স্থানীয় তত্ত্বাবধান ও নিয়ন্ত্রকারী কর্তৃপক্ষের আদেশ অমান্য করায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণ গণ্য হওয়ায় এবং এ প্রসঙ্গে অভিযুক্ত নিকাহ রেজিস্ট্রার কর্তৃক প্রেরিত কারণ দর্শানোর লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁর নামে এ বিভাগ হতে গত ০৫/০২/২০১৫ খ্রি. তারিখে বিচার-৭/২-এন-০২৪/২০১১-৮৮ নং স্মারকে ইস্যুকৃত নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

একইসাথে, অধিক্ষেত্রেটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন (সলিকটবর্তী) কোন অধিক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ হেলাল উদ্দিনের নিকট হতে বাল্য বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, ব্রাহ্মণবাড়িয়া-কে নির্দেশ প্রদান করা হলো।

শূন্য ঘোষিত অধিক্ষেত্রে উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ না থাকলে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ৬ মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জেলা রেজিস্ট্রার, ব্রাহ্মণবাড়িয়া/সাব-রেজিস্ট্রার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া-কে অবহিত করা হলো।

স্বা.

(মোঃ আবদুল ওয়াহাব)

সিনিয়র সহকারী সচিব

ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮


জেলা রেজিস্ট্রার,  
ব্রাহ্মণবাড়িয়া।

নং-১০.০০.০০০.১৩১.১১.০২৪/২০১১-৯০

তারিখ : ১১ আষাঢ় ১৪৩৩  
২৫ জুন ২০২৬

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।  
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৫. উপজেলা নির্বাহী অফিসার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।
৬. ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, চট্টগ্রাম।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৯. সাব-রেজিস্ট্রার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।
১০. অফিসার ইনচার্জ, বাঞ্ছারামপুর থানা, ব্রাহ্মণবাড়িয়া।
১১. জনাব মোঃ হেলাল উদ্দিন, (সাবেক নিকাহ রেজিস্ট্রার), ০৪ নং সোনারামপুর ইউনিয়ন,  
উপজেলা: বাঞ্ছারামপুর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া।
১২. অফিস কপি/গার্ড ফাইল।

 ২৫/০৬/২০২৬

(মোঃ আবদুল ওয়াহাব)  
সিনিয়র সহকারী সচিব